



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১

Phone : 9553637
dgmpd1@krishibank.org.bd
www.krishibank.org.bd

নং- প্রকা/এইচআরএমডি-১/কর্মকর্তা/এফ-৬৭৫/২০১৭-২০১৮/ ৪১০১ তারিখ : ১৯.০৩.২০১৮ ইং

সকল কর্মকর্তা/কর্মচারী
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয় : মানবিক সাহায্যের আবেদন ।

প্রিয় মহোদয়


উপর্যুক্ত বিষয়ে কেন্দ্রীয় হিসাব বিভাগ-২, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর কর্মকর্তা (১০ম গ্রেড) জনাব ফাতেমা নাহার (এফ-৬৭৫) মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের বরাবরে চিকিৎসার উদ্দেশ্যে মানবিক সাহায্যের আবেদন করেছেন যা কর্তৃপক্ষ কর্তৃক সদয় অনুমোদিত হয়েছে।

০২। জনাব ফাতেমা নাহার (এফ-৬৭৫)-এর শরীরে দূরারোগ্য ক্যান্সার সনাক্ত হয়েছে। সম্প্রতি বিভিন্ন জটিলতার কারণে চিকিৎসকের পরামর্শে তার জরায়ুর অপারেশন হয় এবং ক্যান্সার ধরা পড়ে। চিকিৎসকের পরামর্শে বর্তমানে কেমোথেরাপী (Chemotherapy) ও রেডিওথেরাপী (Radiotherapy) গ্রহণ করতে হচ্ছে। ঢাকার মিরপুরস্থ ডেলটা হাসপাতাল লিমিটেড- এ জনাব ফাতেমা নাহার চিকিৎসাধীন রয়েছেন। ধার-দেনা করে তিনি চিকিৎসা চালিয়ে যাচ্ছেন। অতি ব্যয়বহুল এ চিকিৎসা সম্পন্ন করতে আরো ৯ (নয়) লক্ষাধিক টাকা প্রয়োজন। বেতনের স্বল্প পরিমাণ টাকা দ্বারা ক্যান্সার চিকিৎসা চালিয়ে যাওয়া সম্ভব হচ্ছেনা বিধায় সংশ্লিষ্ট কর্মকর্তা তার আর্থিক অসচ্ছলতার বিষয়টি উল্লেখপূর্বক বিকেবি পরিবারের একজন সদস্য হিসেবে মানবিক কারণে তার চিকিৎসার জন্য আর্থিক সাহায্য কামনা করেছেন।

০৩। এমতাবস্থায়, জনাব ফাতেমা নাহার (এফ-৬৭৫) এর চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকায় পরিচালিত সংশ্লিষ্ট কর্মকর্তার সঞ্চয়ী হিসাব নং-১৪১৬৪ -এ ১ (এক) দিনের মধ্যাহ্ন ভোজন ভাতা (লাঞ্চ) অথবা যার যা সাধ্যমত আর্থিক সাহায্য প্রেরণের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদেরকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে

আপনার বিশ্বস্ত


(এম,এ, রউফ হুইয়া)
উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
মানবিক সাহায্য সংক্রান্ত পত্রখানা ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০২। উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। জনাব ফাতেমা নাহার (এফ-৬৭৫), কর্মকর্তা, কেন্দ্রীয় হিসাব বিভাগ-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। নথি/অফিস নথি।